১৫১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..MAR. 1.2 .1999 ... ...
পৃষ্ঠা: ৩ কলাম ...৩.....

# বাংলা একাডেমীর বইমেলা শেষ ॥ সহস্রাধিক নতুন বই প্রকাশিত

হাসান হাফিজ :

বাংলা একাডেমীতে ৩৪ দিনব্যাপী 'অমর একুশে গ্রন্থমেলা'র আনুষ্ঠানিক সমাপ্তি ঘটল বুধবার। বিক্রি হয়েছে প্রায় পাঁচ কোটি টাকার বই। গতবার এ পরিমাণ ছিল চার কোটির মতো। মেলা চলাকালীন সহস্রাধিক নতুন বই প্রকাশিত হয়েছে। এবারের বইমেলাতেই সর্বাধুনিক তথ্যপ্রযুক্তি বাংলা বইয়ের ওয়েব সাইট চালু করা হয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ ফেব্রুয়ারি একুশের বইমেলা উদ্বোধন করেন।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় বাংলা একাডেমী আয়োজিত বইমেলায় ছিল ২০৩ প্রতিষ্ঠানের ৩১৩টি ইউনিট। ২০ শতাংশ কমিশনে বই বিক্রি করা হয়েছে।

মেলা শেষ হয়ে যাবার কথা ছিল ২৮ ফেব্রুয়ারি। শেষ দিন আকস্মিকভাবে বাংলা একাডেমী কর্তৃপক্ষ মেলার মেয়াদ ১০ দিন বাড়ানোর সিদ্ধান্ত নেয়। এবারের বইমেলার নতুন বৈশিষ্ট্য ছিল ফেব্রুয়ারিতে দু'দফা হরতালের মধ্যেও স্বাভাবিক পরিবেশ–বই বেচাকেনা। বিক্রি তালিকায় সর্বশীর্ষে রয়েছে উপন্যাস। অন্যান্য বছরের মতো এবারও শীর্ষস্থানটি জননন্দিত কথাশিল্পী হুমায়ূন আহমেদের। তাঁর বই-ই বিক্রি হয়েছে বেশি। প্রবন্ধ, মুক্তিযুদ্ধ বিষয়ক বইয়ের চাহিদা বেড়েছে। কাব্যগ্রন্থের কদর বাড়েনি, কমেওনি।

বুধবার বিকালে একাডেমী বটমূলের সমাপনী অনুষ্ঠানে স্টল সজ্জায় সেরা বিবেচিত তিনটি স্টলকে পুরস্কৃত করা হয়। পুরস্কার হচ্ছে ক্রেস্ট ও সনদপত্র। প্রথম পুরস্কার পেয়েছে মাওলা ব্রাদার্সের স্টল। দ্বিতীয়–ব্যতিক্রম প্রকাশনী। তৃতীয়–পার্ল পাবলিকেশনের স্টল। রাতে সমাপনী র‌্যালির পর মাসাধিককালের মিলনমেলার পরিসমাপ্তি ঘটে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক প্রধান বিচারপতি কামালউদ্দিন হোসেন। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী, পশ্চিমবঙ্গের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দিলীপ কুমার সিনহা। সভাপতিত্ব করেন বাংলা একাডেমীর সভাপতি কবি শামসুর রাহমান। স্বাগত ভাষণ দেন বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন। অমর একুশে গ্রন্থমেলা কমিটির সদস্য সচিব মাহফুজুর রহমান ও বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মেলা কমিটির সভাপতি মিলন কান্তি নাথও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

বিচারপতি কামালউদ্দিন হোসেন বলেন, বলা হয় ভাষা না হলে সংস্কৃতি হয় না। সংস্কৃতি না হলে জাতি হয় না। বাঙালী জাতি বলতে বুঝি বাংলাদেশের মানুষকে। আমাদেরকে এর গুরুত্ব অনুধাবন করতে হবে। তিনি বিয়ে, জন্মদিনে বইকে উপহার হিসাবে চালু করার আবেদন জানান।